গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর
কলেজ অব নার্সিং(একাডেমিক ভবন)
শেরেবাংলা নগর,ঢাকা-১২০৭।
www.dgnm.gov.bd

স্মারক নং- ডিজিএনএম/শা-৩/৪টি-৬৩(পার্ট-০১)/ভর্তি-২০১৭-১৮/ ৬২ তারিখঃ ২৫/০২/২০১৮

**বিষয়ঃ- ২০১৭-২০১৮ শিক্ষাবর্ষে "ডিপ্লোমা ইন মিডওয়াইফারি" কোর্সে ২য় অপেক্ষমান তালিকা হতে ভর্তির জন্য নির্বাচন।**

নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তরাধীন নার্সিং কলেজ/ইনস্টিটিউটে ০৩(তিন) বছর মেয়াদী ডিপ্লোমা ইন মিডওয়াইফারি কোর্সে ২০১৭-২০১৮ শিক্ষাবর্ষে তালিকায় বর্ণিত প্রার্থীগণ ২৬ জানুয়ারি ২০১৮তারিখে অনুষ্ঠিত ভর্তি পরীক্ষায় অংশগ্রহণ করে অপেক্ষমান তালিকায় নির্বাচিত হয়েছেন। ২য় অপেক্ষমান তালিকায় নির্বাচিত প্রার্থীগণ যে নার্সিং কলেজ/ ইনস্টিটিউটে ভর্তির জন্য নির্বাচিত হয়েছেন তারা নিম্নবর্ণিত তারিখ ও সময়ের মধ্যে (অফিস চলাকালীন সময়ের মধ্যে অর্থাৎ সকাল ০৮.০০ ঘটিকা হতে বিকাল ০২.৩০ মিনিট পর্যন্ত) কোর্সে যোগদান করবেন। নির্ধারিত তারিখ ও সময়ের মধ্যে কোর্সে যোগদানে ব্যর্থ হলে তার নির্বাচন বাতিল বলে গণ্য হবে।

**Name of Course: Diploma in Midwifery**.

| Name | Roll Number | Waiting Serial mb | Name of Nursing Institute | Inst. Code |
|---|---|---|---|---|
| Sharmin Akter | 310131 | 63 | Dhaka Nursing College, Dhaka | 01 |
| Mira Bala | 610371 | 64 | Dhaka Nursing College, Dhaka | |
| Taru Bala Roy | 710551 | 65 | Chittagong Nursing College, Ctg. | 03 |
| Subarna Akter | 610050 | 66 | Nursing College, Manikgonj | 10 |
| Mst. Sahanaj Akter | 710760 | 67 | Nursing Institute, Comilla | 12 |
| Mst. Akhi Khatun | 310654 | 68 | Nursing Institute, Jesore | 17 |
| Khadiza Khatun | 310404 | 69 | Nursing Institute, Kushtia | 18 |
| Tanjima Khatun | 310362 | 70 | Nursing Institute, Pabna | 20 |
| Marjina Khatun | 710561 | 71 | Nursing Institute, Munshigonj | 23 |
| Mst. Taslima Khatun | 310429 | 72 | Nursing Institute, Joypurhat | 30 |
| Jayoti Rani | 710662 | 73 | Nursing Institute, Kissoregonj | 31 |
| Chandra Halder | 610016 | 74 | Nursing Institute, Moulavibazar | 32 |

**নির্বাচিত প্রার্থীদের জন্য অনুসরনীয় নিয়মাবলীঃ**

১। নির্বাচিত প্রার্থীদের কোর্সে ভর্তি হওয়ার পূর্বে স্থানীয় কর্তৃপক্ষ কর্তৃক গঠিত মেডিকেল বোর্ড দ্বারা নিজ খরচে স্বাস্থ্য পরীক্ষা করাতে হবে।

২। নির্বাচিত প্রার্থীগণকে ২৬/০২/২০১৮ তারিখ হতে ০৫/০৩/২০১৮ তারিখের মধ্যে কোর্সে ভর্তি হতে হবে (অফিস চলাকালীন সময়ের মধ্যে অর্থাৎ সকাল ০৮.০০ ঘটিকা হতে বিকাল ০২.৩০ মিনিট পর্যন্ত)। উল্লেখ্য যে, সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের অধ্যক্ষ/ নার্সিং ইনস্ট্রাকটর ইনচার্জ ০৫/০৩/২০১৮ তারিখ বিকাল ০২.৩০ ঘটিকার পর শুন্য আসন সংখ্যা (যদি শুন্য থাকে) এবং ভর্তি না হওয়া প্রার্থীদের রোল নম্বর উল্লেখ পূর্বক নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তরের ই-মেইল নম্বর info@dgnm.gov.bd এ অবশ্যই প্রেরণ নিশ্চিত করবেন।

৩। কোর্সে যোগদানের তারিখ হতে মাসিক বৃত্তিভাতা (স্টাইপেন্ড) প্রদান করা হবে।

৪। কোর্স শেষে সরকারি চাকুরির কোন নিশ্চয়তা প্রদান করা হবে না।

## ভর্তি ও কোর্সে যোগদানের শর্তাবলীঃ

১। নির্বাচিত প্রার্থীগণকে সুস্বাস্থ্যের অধিকারী হতে হবে।

২। নির্ধারিত তারিখের মধ্যে কোর্সে যোগদান করতে ব্যর্থ হলে কোন প্রকার নোটিশ জারীকরণ ছাড়াই নির্বাচন/ ভর্তি বাতিল বলে গণ্য হবে।

৩। কোর্সে যোগদানের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদানকরা হবে না।

৪। কোর্সে অধ্যয়নকালীন নার্সিং ও মিডওয়াইফারি কাউন্সিল/ সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের নিয়ম-কানুন মেনে চলতে হবে।

৫। সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের অধ্যক্ষ/ নার্সিং ইনস্ট্রাকটর ইনচার্জ নির্বাচিত প্রার্থীর শিক্ষাগত যোগ্যতার প্রমাণপত্র, ভর্তি পরীক্ষার প্রবেশপত্রসহ তথ্যাদি যাচাই-বাছাই পূর্বক ভর্তি করবেন। ভর্তি হওয়ার পর শিক্ষাগত যোগ্যতার মূল সনদপত্র ও মূল একাডেমিক ট্রান্সক্রিপ্ট সংশ্লিষ্ট নার্সিং কলেজ /নার্সিং ইনস্টিটিউট এ জমা রাখবেন।

৬। প্রার্থী কোন তথ্য গোপন বা অসত্য তথ্য প্রদান করলে এবং তা প্রমানিত হলে তার ভর্তি বাতিল বলে গণ্য হবে তৎসহ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

৭। কোর্সে অধ্যয়ণকালীন অন্য কোন কোর্স বা প্রতিষ্ঠানে শিক্ষা গ্রহণ করা যাবে না, প্রমানিত হলে কোর্স হতে বহিস্কার করা হবে।

৮। কোর্সে অধ্যয়নকালীন বদলী/ মাইগ্রেশন সম্পূর্ণরূপে বন্ধ থাকবে।

৯। হোস্টেলে আবাসন সংকুলান না হলে নিজ দায়িত্বে আবাসনের ব্যবস্থা করতে হবে।

২৫/০২/২০১৮
মরিয়ম বেগম
উপপরিচালক
মহাপরিচালকের পক্ষে
নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, ঢাকা।

অনুলিপি কার্যার্থে ও জ্ঞাতার্থে(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নহে)ঃ-

১। সচিব,স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ,স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়,ঢাকা (দৃঃআঃ-সচিব মহোদয়ের একান্ত সচিব)।

২। যুগ্ম সচিব( নার্সিং শিক্ষা), স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।

৩। উপসচিব(নার্সিং),স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।

৪। পরিচালক, চিকিৎসা শিক্ষা ও জনশক্তি উন্নয়ন, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।

৫। অধ্যক্ষ, নার্সিং কলেজ, ঢাকা/চট্টগ্রাম / মানিকগঞ্জ।

৬। নার্সিং ইনস্ট্রাকটর ইনচার্জ, নার্সিং ইনস্টিটিউট, কুমিল্লা/যশোর/ কুস্টিয়া/ পাবনা/ মুন্সীগঞ্জ/ কিশোরগঞ্জ/ মৌলভীবাজার। ।

৭। রেজিস্ট্রার, বাংলাদেশ নার্সিং ও মিডওয়াইফারি কাউন্সিল, ঢাকা।

৮। জেনারেল ম্যানেজার, টেলিটক বাংলাদেশ লিমিটেড, ঢাকা দৃষ্টি আকর্ষণ- এ বি এম মামুন, সিনিয়র এক্সিকিউটিভ( বর্নিত রোল নম্বরধারী প্রার্থীদের অবগতির লক্ষ্যে মোবাইল নম্বরে এস এমএস প্রেরণের জন্য অনুরোধ করা হলো)।

৯। পরিসংখ্যানবিদ, পিএমআইএস শাখা, অত্র অধিদপ্তর,ঢাকা(পত্রটি ওয়েব সাইটে প্রকাশের জন্য বলা হলো)।

২৫/০২/২০১৮
মরিয়ম বেগম
উপপরিচালক
মহাপরিচালকের পক্ষে
নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, ঢাকা।